

459

— সংবাদ —

ডাঃ বিঃ কর্তৃপক্ষ জাতীয়তাবাদী পরিষদের বক্তব্য নাকচ করেছেন

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে ২৫ জন রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচন ও ফলাফল নিয়ে জাতীয়তাবাদী ঐক্য পরিষদ যে অভিযোগ উত্থাপন করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তা প্রত্যাখ্যান করেছেন।

গতকাল শনিবার সন্ধ্যায় উপাচার্যের বাসভবনে এক সাংবাদিক সম্মেলনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বক্তব্য জানানো হয়।

উপাচার্য অধ্যাপক ডঃ এ কে আজাদ চৌধুরীর উপস্থিতিতে লিখিত বক্তব্য পাঠ করেন উপ-উপাচার্য এবং প্রধান প্রিজাইডিং অফিসার অধ্যাপক ডঃ মোঃ শাহাদত আলী। উপস্থিত ছিলেন প্রক্টর ডঃ এ কে এম নূর-উন নবী, রেজিস্ট্রার মুহাম্মদ সেলিম, পরীক্ষা নিয়ন্ত্রক শাহ মোঃ হাবিবুর রহমান প্রমুখ।

জাতীয়তাবাদী ঐক্য পরিষদের বিভিন্ন অভিযোগ ও দাবির পরিপ্রেক্ষিতে উপাচার্য বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন ও প্রিজাইডিং অফিসারবৃন্দ এবং নির্বাচন প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা এ অভিযোগ দৃঢ়তার সাথে প্রত্যাখ্যান করেছেন। নির্বাচন সম্পর্কিত সকল কার্যক্রম সূচু, নিরপেক্ষ এবং বিধিসম্মতভাবেই সম্পন্ন হয়েছে। জাতীয়তাবাদী ঐক্য পরিষদ যে অভিযোগ উত্থাপন করেছে তা আদৌ সত্য নয়।

উপাচার্য বলেন, নির্বাচনের সকল প্রক্রিয়ায় প্রত্যেক পরিষদের নেতা-কর্মী ও প্রতিনিধি জড়িত ছিল। সকল অভিযোগ গুরুত্ব সহকারে বিবেচনা করা হয়েছে। তারপরও তারা নির্বাচন প্রত্যাখ্যান করেছে। তাদের কোন অভিযোগ থাকলে লিখিতভাবে জানালে তা বিধিসম্মত হবে। উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী বলেন, সাংবাদিক সম্মেলন করে মিথ্যা বক্তব্য তুলে ধরে, তারা বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ণ করার অপপ্রয়াস চালিয়েছে।